

জমি প্রয়োজন

পশ্চিমবঙ্গ, নিম্নলিখিত অঞ্চলগুলিতে সিটি গেট স্টেশন এবং মাদার স্টেশন স্থাপনের জন্য হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডকে উপযুক্ত জমি বা প্লট, সরাসরি বিক্রয়ের মাধ্যমে হস্তান্তরের জন্য বিবাদহীন এবং সার্বভৌম স্বত্বধারক জমি মালিক বা শরিক-মালিকদের কাছ থেকে ২টি বিড সিস্টেমে, যেমন (ক) টেকনিক্যাল বিড (খ) আর্থিক বিড-এ সিল করা প্রস্তাবের আমন্ত্রণ জানানো হচ্ছে। যে সকল ব্যক্তি/ব্যক্তিগণ, এই বিজ্ঞাপন প্রকাশের পূর্বে, বিবাদহীন জমির মালিক/মালিকগণের সাথে বিক্রয়ের জন্য চুক্তিপত্রে আবদ্ধ হয়েছেন, তারাও আবেদন করতে পারেন।

| ক্র. নং. | মাদার স্টেশনের অবস্থান | জেলা | জমির আয়তন : জমি যদি জাতীয় সড়কে থাকে | জমির আয়তন : জমি যদি জাতীয় সড়ক ছাড়া অন্য রাস্তায় থাকে |
|----------|--|----------------|---|---|
| ১. | পশ্চিমবঙ্গ রাজ্যে কিষাণগঞ্জের পশ্চিমবঙ্গ সীমান্ত থেকে কানকি পর্যন্ত জাতীয় সড়ক-৩১ বা এর ২০ ফুটের বেশি চওড়া (জাতীয় সড়ক চৌরাস্তা থেকে ৫০০ মিটার দূরে) যেকোনও বাই-লেনের সংলগ্ন। | উত্তর দিনাজপুর | ন্যূনতম ০.৮০ একর থেকে ১.২ একর (ফ্রন্টেজ : ন্যূনতম ৪০ মি.) | ন্যূনতম ০.৬০ একর থেকে ১ একর (ফ্রন্টেজ : ন্যূনতম ৪০ মি.) |
| ২. | পশ্চিমবঙ্গের পাহাড়পুর মোড় থেকে রাধীনগর আইওসিএল পেট্রোল পাম্পের মধ্যে জাতীয় সড়ক-৩১ বা এর ২০ ফুটের বেশি চওড়া (জাতীয় সড়ক মোড় থেকে ৫০০ মিটার দূরে) যেকোনও বাই-লেনের সংলগ্ন। | জলপাইগুড়ি | ন্যূনতম ০.৮০ একর থেকে ১.২ একর (ফ্রন্টেজ : ন্যূনতম ৪০ মি.) | ন্যূনতম ০.৬০ একর থেকে ১ একর (ফ্রন্টেজ : ন্যূনতম ৪০ মি.) |
| ৩. | ফুলবাড়ি গ্রামে বা ঘোষণাপুর বাইপাস বরাবর ফুলবাড়ি গ্রামের সীমানা ২ কিলোমিটারের মধ্যে, জাতীয় সড়ক ৩১-এর সংলগ্ন বা এর যেকোনো একটি ২০ ফুটের বেশি চওড়া (জাতীয় সড়ক চৌরাস্তা থেকে ৫০০ মিটার পর্যন্ত দূরে) যেকোনও বাই-লেনের সংলগ্ন। | জলপাইগুড়ি | ন্যূনতম ১.২ একর থেকে ১.৫ একর (ফ্রন্টেজ : ন্যূনতম ৪০ মি.) | - |
| ৪. | বিলাগুড়ি বা ফুলবাড়ি গ্রামে বা ঘোষণাপুর বাইপাস বরাবর বিলাগুড়ি বা ফুলবাড়ি গ্রামের সীমানা ২ কিলোমিটারের মধ্যে জাতীয় সড়ক ৩১ বা এর যেকোনো একটি ২০ ফুটের বেশি চওড়া (জাতীয় সড়ক চৌরাস্তা থেকে ৫০০ মিটার পর্যন্ত দূরত্বের) বাই-লেনের সংলগ্ন। | জলপাইগুড়ি | ন্যূনতম ০.৮০ একর থেকে ১.২ একর (ফ্রন্টেজ : ন্যূনতম ৪০ মি.) | - |

এই বিজ্ঞাপনটি শুধুমাত্র জমি ক্রয়ের উদ্দেশ্যে জারি করা এবং ডিলারশিপের জন্য নয়

নিম্নলিখিত বিষয়গুলি অনুগ্রহ করে লক্ষ্য করুন :

- জমি প্লটের সাইজ : ন্যূনতম এবং অধিকতম ক্ষেত্রফল এবং সর্বনিম্ন সম্মুখভাগের (ফ্রন্টেজ) পরিমাপ উল্লেখ করা হয়েছে।
- জাতীয় সড়কের ওপর যে জমির প্রস্তাব দেওয়া হবে, সেটিকে অবশ্যই ভারত সরকারের জাতীয় সড়ক ও হাইওয়ে মন্ত্রকের ২৬.০৬.২০২০ তারিখের পত্র নং RW-NH-33032/01/2017-S&R (R) এর অন্তর্ভুক্ত NHA নির্দেশাবলী এবং তৎসহ সংযোজন যদি থাকে, তা মেনে চলতে হবে।
- আবেদনের তারিখ অনুসারে সম্পত্তি সম্পূর্ণরূপে ত্রুটিমুক্ত এবং বিক্রয়যোগ্য হতে হবে এবং জমিটি যেকোনো পরিস্থিতিতে গাড়ী চলাচলের উপযুক্ত কমপক্ষে ৪ মিটার চওড়া রাস্তার ওপর হতে হবে যার সামনের অংশ গাড়ী প্রবেশের জন্য উন্মুক্ত বা খোলা থাকবে।
- সফল বিডারগণকে সর্বাধিকারের বিধিবিধি ছাড়পত্র যেমন- জমি ভাড়া (খাজনা) ইত্যাদি ছাড়পত্রের ব্যবস্থা করতে হবে।
- বিক্রয় চুক্তি নথিভুক্ত (রেজিস্ট্রেশন) করার সময় অর্থপ্রদান করা হবে ই-পেমেন্ট মোড অথবা ডিমাণ্ড ড্রাফট-এর মাধ্যমে
- যৌথ বিডারদের ক্ষেত্রে, অথবা যদি সমগ্র জমিটি কোনো একজন ব্যক্তির অধিকারভুক্ত না হয়, সেক্ষেত্রে, পরস্পর সন্নিহিত লাগোয়া জমিগুলির মালিকগণ যৌথভাবে বিক্রির প্রস্তাব দিতে পারেন। আবেদনের সাথে সাথে সকল যৌথ বিডারগণকে একটি নোটারাইজড অঙ্গীকার প্রদান করতে হবে। যদি বাছাই প্রক্রিয়া চলাকালীন যৌথ বিডারদের কোনো একজন প্রত্যাহার করে নেয়, তাহলে সমগ্র জমি বিক্রির প্রস্তাবটি প্রত্যাহার করা হবে।
- বিক্রির উদ্দেশ্যে প্রস্তাবিত জমিটি পরিস্কারভাবে পাটিশন করা থাকবে এবং মালিকানার প্রমাণপত্র খাতাউনি/খসরা অথবা সমতুল্য অন্য নথি, শুষ্ক আধিকারিক দ্বারা পরিস্কারভাবে চিহ্নিত এবং নিশ্চিত করা থাকবে।
- যদি সম্পত্তি পাটিশন না থাকে, তাহলে জমির প্লটের অংশীদাররা বা কি অংশীদারদের থেকে এইচপিসিএল-এর সম্মুখিত্বের জন্য নো-অবজেকশন সার্টিফিকেট বা অন্য কোনও প্রাসঙ্গিক নথি জমা দেওয়ার সাপেক্ষে তাদের জমির অংশ অফার করতে পারে।
- প্রস্তাবিত জমিটি রাস্তার উচ্চতায় আনার উদ্দেশ্যে, জমি ভরাট / কাটার খরচ / রিটেনশন ওয়াল / হিউম পাইপ / কালভার্ট / প্রধান প্রস্তাবিত স্টিল পাইপলাইন গ্রিড থেকে বিছানো খরচ সহ অতিরিক্ত পাইপলাইন ইত্যাদি যা এইচপিসিএল অনুমান করেছে, তা বিডের বাণিজ্যিক মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে।
- গ্রীণ বেল্টের অধীনে জমি বিবেচনাধীন নয়।
- দালাল এবং সম্পত্তি ডিলারদের আবেদন নিষ্প্রয়োজন।
- এই বিজ্ঞাপনের সাপেক্ষে জেলা আধিকারিক অথবা সরকারী প্রতিনিধি আবেদন করতে পারেন। উপযুক্ত হলে, সরকারী প্রতিনিধিদের অধিক মান্যতা দেওয়া হতে পারে।
- ওভারহেড বৈদ্যুতিক তার অথবা টেলিফোন সংযোগ, সামগ্রী/জলের পাইপলাইন, খাল, নালা/নর্দমা, পাবলিক রাস্তা, রেলওয়ে লাইন ইত্যাদি থেকে জমিটি মুক্ত হতে হবে। ৪৩০ ভোল্টের বা তার বেশী ওভারহেড বৈদ্যুতিক হাই-টেনশন লাইন অথবা লো-টেনশন লাইন কিংবা লো-টেনশন লাইন যুক্ত জমির মালিকরা যদি নির্বাচিত হয় তবে জমির রেজিস্ট্রেশনের আগে নিজের খরচে বৈদ্যুতিক সংযোগ অন্যদিকে সরানোর ব্যবস্থা করতে হবে।
- মালিককে তার মালিকানার সমর্থনে সমস্ত কাগজপত্র প্রদান করতে হবে, যেমন খতিয়ান, পর্চা, বিক্রয় দলিল, চেইন দলিল, ড্রয়িং, এফিডেভিট, ইনডেমনিটি বন্ড, ইত্যাদি যা নাম অনুসন্ধান ও চাফইকরণ এবং মূল্যায়নের জন্য প্রয়োজনীয় হতে পারে।
- তফসিলি জমি বিক্রয় উপস্থিতি বিডারদের দায়িত্ব, তাদের প্রাসঙ্গিক আইন অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের ছাড়পত্র জমা দিতে হবে।
- রেজিস্ট্রার্স বর্গদার থাকার প্লট, নির্বাচিত হলে, বিডারকে নির্দিষ্ট সময়ের মধ্যে তার রেজিস্ট্রার্স দলিলে বর্গদারের থেকে জমিটিকে মুক্ত করতে হবে।
- জমির মালিক বা বিডারকে সরকার অনুমোদিত সার্ভেয়ারের দ্বারা সম্পত্তিভাবে জমির সীমানা নির্ধারণ করতে হবে এবং প্রয়োজনে এইচপিসিএল-এর সামনে উপস্থিত থেকে পরিমাপে সহায়তা করতে হবে।
- টেকনিক্যাল বিড এবং আর্থিক বিডের জন্য প্রস্তাব সিল করা খামে, দুটি বিড সিস্টেমে জমা করতে হবে, যাতে থাকবে দুটি ভিন্ন ভিন্ন সিল করা খাম।

ক) টেকনিক্যাল বিড :

প্রস্তাবিত জমির প্লটের বিবরণ এবং তৎসহ যদি কোনো কাগজপত্র থাকে, সেক্ষেত্রে সেই সকল নথির প্রতিটি পৃষ্ঠাতে স্বাক্ষর করে সেগুলি খামে ভরে, মুখবন্ধ (সিল) করে ওপরে লিখতে হবে 'টেকনিক্যাল বিড'। টেকনিক্যাল বিডে, জমির প্রস্তাবিত মূল্য/জমির মূল্য সনাক্তীয় কোনো সুপারিশ থাকবে না।

- বিডারকে নিম্নলিখিত বিবরণগুলি উল্লেখ করতে হবে।
- আবেদনকারীর নাম, সম্পূর্ণ ঠিকানা এবং যোগাযোগ নং
- জমির মালিক/মালিকগণের নাম
- সম্পত্তির বিবরণসহ কি প্ল্যান (মাস্টার প্ল্যান)
- বিক্রির জমির ডাইমেনশনসহ (মাত্রা) ক্ষেত্রফল
- অধিকার স্থাপনের তথ্য অথবা তার সমতুল্য যেমন খাতাউনি/খসরা অথবা যেকোনো সমতুল্য নথি বা রাজস্ব (শুষ্ক) আধিকারিকের শংসাপত্র ইত্যাদি।
- স্বত্বপত্র যেমন, লিঙ্ক ডকুমেন্ট/চেইন ডিড-সহ বিক্রয় চুক্তি, পাট্টা, ইত্যাদি, যা মালিকের মালিকানার প্রমাণ স্থাপনে সক্ষম।
- পাওয়ার অফ অ্যাটর্নির দাবীদার ব্যক্তিগণকে, পাওয়ার অফ অ্যাটর্নির নথির একটি কপি জমা করতে হবে। (v), (vi) এবং (vii) নং-এ উল্লিখিত নথি ছাড়া প্রস্তাব জমা দিলে তা বাতিল করা হবে।

খ) ফাইন্যান্সিয়াল বিড (আর্থিক বিড) :

আর্থিক বিডে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে
 আনুমানিক বিক্রয়মূল্য টাকা প্রতি বর্গমিটার (বিক্রয়ের ক্ষেত্রে)।
 আর্থিক বিড, পৃথক মুখবন্ধ খামে পেশ করতে হবে যাতে পরিস্কারভাবে ওপরে 'আর্থিক বিড' উল্লেখ করা থাকবে।

- টেকনিক্যাল এবং আর্থিক, উভয় বিডই তৃতীয় একটি খামে ভরে ওপরে লিখতে হবে 'জমির জন্য প্রস্তাব.....'
- প্রদেয় নির্দিষ্ট তারিখ থেকে ১৮০ দিন পর্যন্ত অথবা পারস্পরিক বোঝাপড়ার সাপেক্ষে বর্ধিত সময়কাল অবধি, অফারটি বৈধ থাকবে।
- ডাক/কুরিয়ার দ্বারা প্রেরিত নথির দেহীতে পৌঁছানো, হারিয়ে যাওয়া অথবা না পাওয়ার জন্য এইচপিসিএল দায়বদ্ধ থাকবে না। প্রাপ্ত কোটেশনগুলি নিছক (কেবলমাত্র) অফার মাত্র (প্রস্তাব) এবং এইচপিসিএল এই প্রস্তাবের মধ্যে কোনোভাবেই আবদ্ধ থাকতে দায়বদ্ধ নয়।
- সিটি গেট স্টেশন/মাদার স্টেশন/এলসিএনজি স্টেশন স্থাপনের জন্য, যে সকল জমি এনএইচ/এসএইচ/পিডব্লিউ/টাউন প্ল্যানিং-এর নিয়মের নির্দিষ্ট মান পূরণ করে না, এমন জমি প্রত্যাহারযোগ্য।
- টেকনিক্যাল ইভালুয়েশন কমিটির রিপোর্টের ভিত্তিতে জমির উপযুক্ততা বিচার্য হবে। বর্গক্ষেত্র বা আয়তাকার জমি এবং বেশী ক্ষেত্রফলযুক্ত জমি অধিক মান্যতা পাবে।
- এইচপিসিএল এই সম্পূর্ণ বিজ্ঞাপনটি অথবা বিজ্ঞাপিত অঞ্চলগুলির মধ্যে এক বা একাধিক অঞ্চল বাতিল করার অধিকার সংরক্ষিত রাখছে।
- প্রতিটি লোকেশন-এর জন্য পৃথকভাবে প্রস্তাব দিতে হবে।
- যে কোনো বিতর্ক/বাদানুবাদে ক্ষেত্রে, এই বিজ্ঞাপনের ইংরেজি অনুবাদটি চূড়ান্ত বলে ধার্য হবে।
- আগ্রহী ব্যক্তি/ব্যক্তিগণ, মুখবন্ধ খামে নীচে উল্লেখিত অফিসের ঠিকানায় নির্দিষ্ট তারিখ (০০.০০.২০২২) এবং সময় (বিকেল ৫.০০টা) নিজের অফার নির্দিষ্ট বক্সে জমা দিতে পারেন। নির্দিষ্ট তারিখ এবং সময় অতিক্রান্ত হওয়ার পর কোনো প্রস্তাব (অফার) বিবেচনা করা হবে না। টেকনিক্যাল বিড, নির্দিষ্ট অফিসে ০০.০০.২০২২ তারিখে দুপুর ২.৩০টায় খোলা হবে। আগ্রহী বিডারগণ টেকনিক্যাল বিড খোলার সময় উপস্থিত থাকতে পারেন।

হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড, সিজিডি প্রজেক্টস - দার্জিলিং, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর। ২য় তল, হোম ল্যান্ড বিল্ডিং, ৩য় মাইল, সেবক রোড, শিলিগুড়ি-৭৩৪০০৮।